

💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৭) তাকবীর দেওয়ার সময় একবার হাত উত্তোলন করা

জানাযার ছালাত আদায়ের সময় প্রত্যেক তাকবীরেই দুই হাত উত্তোলন করা দলীল সম্মত। একবার হাত উত্তোলন করার হাদীছ যঈফ।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ رَسُوْلَ اللهُ كَبَّرَ عَلَى جَنَازَةٍ فَرَفَعَ يَدَيْهِ فِى أُوَّلِ تَكْبِيْرَةٍ وَوَضَعَ الْيُمْنَى عَلَى الْيُسْرَى. আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ (ছাঃ) একদা জানাযার ছালাত পড়ালেন। তিনি প্রথম তাকবীরে হাত তুললেন এবং ডান হাত বাম হাতের উপর রাখলেন।[1]

তাহক্বীক: বর্ণনাটি যঈফ। ইমাম তিরমিয়ী বলেন,

هَذَا حَدِيْتٌ غَرِيْبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِى هَذَا فَرَأَى أَكْثَرُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ وَغَيْرِهِمْ أَنْ يَرْفَعَ الرَّجُلُ يَدَيْهِ فِى كُلِّ تَكْبِيرَةٍ عَلَى الْجَنَازَةِ وَهُوَ قَوْلُ ابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ النَّبِيِّ وَغَيْرِهِمْ أَنْ يَرْفَعَ الرَّجُلُ يَدَيْهِ فِى كُلِّ تَكْبِيرَةٍ عَلَى الْجَنَازَةِ وَهُوَ قَوْلُ ابْنِ الْمُبَارَكِ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ لاَ يَرْفَعُ يَدَيْهِ إِلاَّ فِيْ أَوَّلِ مَرَّةٍ وَهُوَ قَوْلُ الثَّوْرِيِّ وَأَهْلِ الْكُوْفَةِ.

'এই হাদীছ গরীব। উক্ত সূত্র ছাড়া আর অন্য কোন সূত্র আমাদের জানা নেই। আলেমগণ উক্ত বিষয়ে মতানৈক্য করেছেন। ছাহাবায়ে কেরাম এবং অন্যান্যদের অধিকাংশই মনে করেন, মুছল্লী জানাযার প্রত্যেক তাকবীরেই দুই হাত উত্তোলন করবে। আর এটাই ইবনুল মুবারক, শাফেঈ, আহমাদ, ইসহাক্ব-এর বক্তব্য। আর কতিপয় আলেম বলেন, মাত্র একবার হাত উত্তোলন করবে। আর এটা ছাওরী এবং কূফাবাসীর বক্তব্য'।[2]

জ্ঞাতব্য : জানাযার প্রত্যেক তাকবীরে দুই হাত উত্তোলন করতে হবে মর্মে রাসূল (ছাঃ) থেকে কোন ছহীহ হাদীছ নেই।[3] তবে অনেক ছাহাবী থেকে ছহীহ আছার বর্ণিত হয়েছে। তাই প্রত্যেক তাকবীরেই হাত উত্তোলন করা উচিৎ।

عَن ابْن عُمَرَ أَنَّهُ كَانَ يَرْفَعُ يَدَيْهِ عَلَى كُلِّ تَكْبِيْرَةٍ مِنْ تَكْبِيْرِ الْجَنَازَةِ

ইবনু ওমর (রাঃ) থেকে বর্ণিত, তিনি জানাযার প্রত্যেক তাকবীরে দুই হাত উত্তোলন করতেন।[4] ইমাম বুখারী (রহঃ)ও উক্ত আছারের বিষয়টি ইঙ্গিত করেছেন।[5]

ফুটনোট

- [1]. তিরমিয়ী হা/১০৭৭, ১/২০৬ পৃঃ; দারাকুৎনী ২/৭৭।
- [2]. তিরমিয়ী হা/১০৭৭, ১/২০৬ পৃঃ-এর আলোচনা।



- [3]. সিলসিলা যঈফাহ হা/**১**০৪৫।
- [4]. বায়হাকী, সুনানুল কুবরা হা/৭২৪৩; সুনানুছ ছুগরা হা/৮৬৬; সনদ ছহীহ, আহকামুল জানাইয, পৃঃ ১১৭- نعم بسند صحيح عن ابن عمر أنه كان يرفع يديه على كل تكبيرة من تكبيرات الجنازة فمن (88 / 8) روى البهقي بسند صحيح عن ابن عمر أنه كان يرفع يديه على خلل الله عليه وسلم فله أن يرفع يديه على الله عليه وسلم فله أن يرفع
- [5]. ছহীহ বুখারী হা/১৩২২-এর আলোচনা দ্রঃ, 'জানাযা' অধ্যায়, অনুচ্ছেদ-৫৬, ১/১৭৮ পৃঃ, (ইফাবা হা/১২৪৪-এর আলোচনা, ২/৩৯৬; ফাৎহুল বারী ৩/২৪৫ পৃঃ। শায়খ বিন বায উক্ত হাদীছ সম্পর্কে বলেন, وهي مقبولة وهي مقبولة المحديث ويكون ذلك دليلا على شرعية رفع اليدين في تكبيرات الجنازة

Source — https://www.hadithbd.com/books/link/?id=2004

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন